



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৯৯৪

২৬/১০/২০১৬ খ্রিস্টাব্দ।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ শালিখা/কলারোয়া
জেলাঃ মাগুড়া/সাতক্ষীরা

বিষয়ঃ প্রকল্পের অনলাইন সফটওয়্যারের এআইএস অংশ সংশোধনের জন্য প্রকল্প কার্যক্রমের তথ্যসহ হিসাব সহকারীকে প্রকল্প দপ্তরে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। উপজেলাস্থ প্রকল্প কার্যক্রমের হিসাব সংশ্লিষ্ট সকল তথ্য সফটওয়্যারের এআইএস অংশে মাইগ্রেশন করা হলেও সফটওয়্যারে সমস্যার কারণে কিছু কিছু রিপোর্ট সঠিকভাবে পাওয়া যাচ্ছে না। ইতোমধ্যে সফটওয়্যারে সৃষ্ট সমস্যার সমাধান করা হয়েছে। তাই পরীক্ষামূলকভাবে দুইটি উপজেলার হিসাব সংশ্লিষ্ট তথ্য পুনরায় সফটওয়্যারে এন্ট্রির করে বিভিন্ন রিপোর্টের সঠিকতা যাচাই করা হবে।

২। এমতাবস্থায়, আপনার উপজেলার অত্র প্রকল্পের হিসাব সহকারীকে সংযুক্ত ছক মোতাবেক তথ্যসহ আগামী ৩০/১০/২০১৬ তারিখ প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, হিসাব সহকারীর যাতায়াত ভাতা প্রকল্প হতে নির্বাহ করা হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পত্র জারী করা হলো।


(মোহাম্মদ মহিউদ্দীন রহমান মোল্লা)
উপ-প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুড়া/সাতক্ষীরা।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ শালিখা/কলারোয়া, জেলাঃ মাগুড়া/সাতক্ষীরা।
- ৫। অফিস কপি।